৫৫

তারিখ ... 18 MAY 199... ...
পৃষ্ঠা ১ কলাম ১

দৈনিক সংবাদ

# জসীম উদ্‌দীন হলে পুলিশী তল্লাশির প্রতিবাদে ছাত্রদলের সমাবেশ, ভাঙচুর

(বিশ্ববিদ্যালয়সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের জসীমউদদীন হলে পুলিশ গতকাল শনিবার বিকেলে তল্লাশি চালিয়েছে। তবে কোন অস্ত্র উদ্ধার করতে পারেনি। এদিকে ছাত্রদল হল তল্লাশির নামে তাদের নেতাকর্মীদের উপর হামলা ও হয়রানির অভিযোগ করেছে। এ ঘটনার প্রতিবাদে তারা তাৎক্ষণিকভাবে উপাচার্যের বাসভবনের সামনে বিক্ষোভ সমাবেশ করে। উপাচার্যের বাসভবনে ইটপাটকেল নিক্ষেপ এবং এ সময় বিক্ষুব্ধ কর্মীরা কমপক্ষে ৮/১০টি গাড়ি ভাঙচুর করেছে।

ছাত্রদল নেতৃবৃন্দের অভিযোগ ঃ তল্লাশির সময় পুলিশ তাদের নেতাকর্মীদের সাথে দুর্ব্যবহার, বিভিন্ন রুমের তালা ও ওয়ারড্রব ভাঙচুর এবং অনেকগুলো রুম তছনছকরেছে।

তল্লাশিশেষে এ ঘটনার প্রতিবাদে বঙ্গবন্ধু, জসীমউদ্‌দীন, জিয়া ও সূর্যসেন হল থেকে ছাত্রদল মিছিল বের করে। মিছিলশেষে তারা উপাচার্যের বাসভবনের সামনে আসে। এ সময় বিক্ষুব্ধ ছাত্রদল কর্মীরা উপাচার্যের বাসভবন লক্ষ্য করে ইটপাটকেল নিক্ষেপ করে এবং রাস্তা দিয়ে চলাচলরত প্রায় ৮/১০টি গাড়ি এলোপাতাড়িভাবে ভাঙচুর করে।

এ ঘটনাশেষে অনুষ্ঠিত সমাবেশে ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার আহ্বায়ক নাসিরউদ্দিন অসীমের সভাপতিত্বে বক্তৃতা করেন, মঞ্জুর এলাহী, এ, বি, এম মোশাররফ হোসেন, মনোয়ার হোসেন রানা, মনির হোসেন, সেলিমুজ্জামান সেলিম, শহিদুল ইসলাম বাবু প্রমুখ।

সমাবেশে ছাত্রদল নেতৃবৃন্দ বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এক চোখা দৈত্যের ভূমিকায় অবতীর্ণ হয়েছে। ছাত্রলীগ নিয়ন্ত্রিত হলগুলোতে সন্ত্রাসীরা প্রকাশ্য দিবালোকে ঘুরে বেড়ালেও কর্তপক্ষ ও পুলিশ সেখানে নির্বিকার। নেতৃবৃন্দ বলেন, এ অবস্থা অব্যাহত থাকলেত আমরা কঠোর কর্মসূচি দিতে বাধ্য হবো। প্রয়োজনে আমরা গণহল ত্যাগ বিশ্ববিদ্যালয়কে অচল করে দেবো।